# চরভদ্রাসন উপজেলা পরিষদের মে/২০২৩ মাসের সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ কাউছার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, চরভদ্রাসন, ফরিদপুর।

তারিখ ও সময় : ২৯-০৫-২০২৩ খ্রি., বেলা ১১.০০ টা।

সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের নামের তালিকা ও অন্যান্য ঃ পরিশিষ্ট - "ক হতে গ"।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর কর্তৃক বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্রঃ নং | বিভাগ/ দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৩.১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চরভদ্রাসন সভায় জানান যে, এ উপজেলা একটি নদীভাঙ্গন প্রবণ এলাকা। অত্র উপজেলায় অতিবৃষ্টি ও বন্যার কারণে এলাকার রাস্তাঘাট ক্ষতিগ্রস্ত হয়ে যোগাযোগ ব্যবস্থা মারাত্মক বিঘ্নিত হয়। জরুরীভিত্তিতে বিভিন্ন ইউনিয়নে জরুরী কাজ বাস্তবায়নের জন্য পরিশিষ্ট "ক" প্রকল্পের প্রাক্কলন সভায় অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করেন।<br><br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে জনগুরুত্ব বিবেচনায় জরুরী রক্ষণাবেক্ষণ হিসেবে পরিশিষ্ট "ক" উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) হতে বিধিমোতাবেক বাস্তবায়নের বিল প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, চরভদ্রাসন সভায় বলেন তার অফিসের কাজ স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা কৃষি অফিসার, চরভদ্রাসনকে তার কাজ চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.৪ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সভায় সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, চরভদ্রাসন, ফরিদপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.৫ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর |
| ৩.৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর |
| ৩.৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চরভদ্রাসন সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৮ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, চরভদ্রাসন সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.১০ | ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, চরভদ্রাসন সভায় জানান যে, তাঁর বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | টিআর, কাবিটা কর্মসূচি, জাইকা বিভিন্ন প্রকল্পের কাজ বিধি মোতাবেক যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। মাননীয় এমপি মহোদয়ের সদয় নির্দেশনা মোতাবেক কাজ করতে হবে। এছাড়া চরঝাউকান্দা ইউনিয়নের মুজিব কেল্লার কাজ মানসম্মত করার বিষয়ে বিশেষ গুরুত্ব দেয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.১১ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.১২ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর সভায় জানান যে, তাঁর বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মৎস্য অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.১৩ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর সভায় জানান যে, করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন এর প্রাদুর্ভাব ও দেশে দ্রুত বৃদ্ধি পাচ্ছে। সকলকে অফিস আদালতসহ ঘরের বাইরে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.১৪ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর সভায় জানান যে, তাঁর বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.১৫ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর সভায় জানান যে, ঋণ প্রদান আদায়সহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।তিনি আরও জানান যে, অত্র উপজেলাধীন বিভিন্ন ক্লাবকে তালিকাভুক্তকরণের প্রক্রিয়া চলমান রয়েছে। আগ্রহী ক্লাবকে যথাযথভাবে আবেদন করতে হবে। | নতুন ক্লাবকে তালিকাভুক্ত করণের বিষয়টি ব্যাপক প্রচারের জন্য বিজ্ঞপ্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.১৬ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অতি:দ) , চরভদ্রাসন, ফরিদপুর সভায় জানান যে, তাঁর বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.১৭ | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর সভায় জানান যে, ঋণ প্রদান ও আদায়সহ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ঋণ প্রদান সংক্রান্ত তথ্য উপজেলা চেয়ারম্যানের দপ্তরের প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.১৮ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | উপজেলা সমবায় অফিসার আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর । |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.১৯ | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার, চরভদ্রাসন সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা কৃষি অফিসার, চরভদ্রাসনকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.২০ | বন বিভাগ | উপজেলা বন কর্তকর্তা, চরভদ্রাসন, ফরিদপুর সভায় জানান যে, বিভিন্ন স্কুলে ঝড়ে পড়া, মারা যাওয়া গাছ অপসারণ করা প্রয়োজন। তাঁর বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা অভ্যন্তরে ভিতরে এবং উপজেলার বিভিন্ন ইউনিয়নে জরাজীর্ণ, ঝুঁকিপূর্ণ, মরা ও ঝড়ে পড়া গাছ কাটা ও তালিকা প্রস্তুত এবং মোবাইল কোর্টের মাধ্যমে জব্দকৃত গাছের প্রাক্কলন প্রস্তুত ও নিলাম কার্যক্রমের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। | ফরেস্টার, সামাজিক বনবিভাগ, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.২১ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্তকর্তা, চরভদ্রাসন, ফরিদপুর সভায় জানান যে, তাঁর বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | জনশুমারী ও গৃহগণনা কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পূর্ণ করায় তাঁকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.২২ | পল্লী বিদ্যুৎ বিভাগ | উপজেলা পল্লী বিদ্যুৎ এর সহকারী জেনারেল ম্যানেজার, চরভদ্রাসন, ফরিদপুর জানান যে, তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তবে তীব্র গরমের কারণে এমাসে লোডশেডিং সম্ভাবনা বেড়ে যেতে পারে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। | সহকারী জেনারেল ম্যানেজার, ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি। |
| ৩.২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সংক্রান্ত আলোচনা | সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে'র উপজেলা সমন্বয়কারী জানান যে, তাঁর বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। চরহরিরামপুর ইউনিয়নের মনির খার বাজার ও ওয়াছেল বিশ্বাসের বাজারে দুটি মার্কেট শেড স্থাপনার কার্যক্রম সমাপ্ত হয়েছে। যার প্রকল্প আইডি-আইএনএফ-২০২২-২০২১-৩০২৯২১-০২। প্রকল্পটির বর্তমান ব্যয় ৯,৭০,৬৮৪/- (ভ্যাট ও আয়কর ছাড়া), ভ্যাট=৮১,৩৪২/-, আয়কর=৩২,৫৩৭/-সহ মোট মূল্য ১০,৮৪,৫৬৩/- টাকা যা অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখতে হবে। উপস্থাপিত বিল যাচাই বাছাই অন্তে অনুমোদন দেয়া হলো। | উপজেলা পরিচালন ও উন্নয়ন সমন্বয়কারী চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.২৪ | নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর সভায় জানান যে, বাজারের খাদ্যদ্রব্যের মূল্যের উর্ধ্বগতি রোধ এবং নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য সর্বস্তরের জনগণকে এ বিষয়ে সচেতন থাকতে হবে এবং কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে কর্তৃপক্ষকে জরুরী ভিত্তিতে জানানোর জন্য অনুরোধ জানানো হয়।উপজেলা নিরাপদ খাদ্য কমিটি করার জন্য একটি প্রজ্ঞাপন পাওয়া গিয়েছে। | (১) নিয়মিত বাজার মনিটরিং করতে হবে। (২) কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে সাথে সাথে উপজেলা নির্বাহী অফিসার এবং অফিসার ইনচার্জ, চরভদ্রাসন থানাকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর।<br>২। অফিসার ইনচার্জ, চরভদ্রাসন থানা।<br>৩। সেনেটারী ইন্সপেক্টর, চরভদ্রাসন, ফরিদপুর।<br>৪। সভাপতি, সংশ্লিষ্ট হাট-বাজার বণিক সমিতি। |
| ৩.২৫ | Autism এবং Neorodevelopmentall Disorder সংক্রান্ত | •উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর জানান যে, প্রতিবন্ধীদের সমাজে অবহেলার চোখে না দেখে তাদের চিকিৎসা, শিক্ষা, কর্মসংস্থান, বাসস্থানসহ সুরক্ষা নিশ্চিত করতে সংশ্লিষ্টদের যথাযথভাবে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান। প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটিকে নিয়মিত সভা আয়োজন পূর্বক সংশ্লিষ্ট উপজেলার আঞ্চলিক সীমানার মধ্যে উহার দায়-দায়িত্ব ও কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। | বিস্তারিত আলোচনান্তে প্রতিবন্ধীদের চিকিৎসা, শিক্ষা, কর্মসংস্থান, বাসস্থানসহ সুরক্ষা নিশ্চিত কল্পে উপজেলা কমিটিকে অধিক কার্যকর ভূমিকা পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর।<br>০৩। সংশ্লিষ্ট কমিটি/ সংগঠন/প্রতিষ্ঠান চরভদ্রাসন, ফরিদপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.২৬ | "আমার গ্রাম আমার শহর" সৃজন সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, "আমার গ্রাম আমার শহর" সৃজনে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক গৃহীত পরিকল্পনা যথাসময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। দ্রুত রাস্তা তৈরি করতে হবে। কাচা রাস্তা পাকা ও পিচ ঢালাই এর জন্য প্রাক্কলন তৈরিতে উপজেলা প্রকৌশলীসহ এ বিষয়ে সংশ্লিষ্ট সকল দপ্তরকে আন্তরিকভাবে কাজ করার জন্য অনুরোধ জানানো হয়। | সভায় আলোচনান্তে "আমার গ্রাম আমার শহর" সৃজনে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক গৃহিত পরিকল্পনা সমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.২৭ | উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানকে সভাপতি করে গঠিত উপজেলার ১৭ (সতের) টি স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত ভাবে আয়োজনের অনুরোধ জানান। উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুযায়ী এক মাস অন্তর অন্তর প্রতিটি সভা আয়োজনের নির্দেশনা রয়েছে এবং উক্ত সভায় গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত অনুমোদনের নিমিত্ত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | ম্যানুয়্যল অনুযায়ী প্রতিটি কমিটিকে নিয়মিত সভা করতে হবে। কোন প্রস্তাব থাকলে তা অনুমোদনের জন্য সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট দপ্তর প্রধান, চরভদ্রাসন, ফরিদপুর। |
| ৩.২৮ | ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ সংক্রান্ত | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর ও উপজেলা পরিষদের সাধারণ সভার সভাপতি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় ৪র্থ পর্যায়ে ১০০ টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। | মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ন প্রকল্প-২ আওতায় ভূমিহীন ও গৃহহীনদের ঘর নির্মাণ কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করতে হবে। এছাড়া প্রধানমন্ত্রী আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় ৪র্থ পর্যায়ে ১০০ টি ঘরের নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার পর ভূমিহীন ও গৃহহীনদের মধ্যে বিতরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| | বিবিধ | ক) ১৪৩০ সালের হাট-বাজার ইজারা যায় যায় দিন পত্রিকা প্রকাশের বিল বাবদ ৪৮,৯০৭.২০/- টাকা পাওয়ার জন্য আবেদন করেছেন।<br>খ) ১৪৩০ সালের হাট-বাজার ইজারা "ভোরের রানার" পত্রিকা প্রকাশের বিল বাবদ ৩৬,৮০০/- টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর যায় যায় দিন পত্রিকা প্রকাশের বিল ৩৪,১৯৬.৪০ টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) জাইকা প্রকল্পের বাংলাদেশের খবর পত্রিকার ২৮,৯৮০ ও ঢাকা ট্রিবিউন পত্রিকার ১৩,৩৯৫ টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এর বিদ্যুৎ বিল ৪৮,০১৯ টাকা উপজেলা তরঙ্গ ভবনের নীচতলার বিদ্যুৎ বিল ৯০৮ টাকা তটিনী ভবন নিচতলা ৪,৩৯০ ও তটিনী ভবনের ২য় তলা ৬,৯২৩ টাকা মোট (৪৮,০১৯+৯০৮+৪,৩৯০+৬,৯২৩)=৬০,২৪০ টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক বিল প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, চরভদ্রাসন, ফরিদপুর। |

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন জিও বি ও জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালনা ও প্রকল্প ইস্টিমেট অনুযায়ী বাস্তবায়ন করা হয়েছে। যার প্রকৃত ব্যয় অনুমোদনের জন্য নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো

| ক্র.নং | উপ-প্রকল্পের শিরোনাম ও প্যাকেজ নম্বর | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল (ভ্যাট/ট্যাক্সসহ) | মূল ব্যয় | ভ্যাট | ট্যাক্স | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | গাজিরটেক ইউনিয়ন কমিউনিটি পর্যায়ে নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে আর্সেনিকমুক্ত সাবমার্সিবল পাম্পযুক্ত টিউবওয়েল স্থাপন<br>প্যাকেজ নম্বর- আইএনএফ ২০২০-২১-৩০২৯২১-০১ | ১৯২৪২৭৮ | ১৭২২২২৯ | ১৪৪৩২১ | ৫৭৭২৮ | ১৯,২৪,২৭৮ |
| ০২ | উপজেলায় বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে উচু নিচু বেঞ্চ সরবরাহ<br>প্যাকেজ নম্বর- আইএনএফ-২০২০-২১-৩০২৯২১-০৩ | ১১,৩৭,৫০১ | ৯,৩২,৭৫১ | ১,৭০,৬২৫ | ৩৪,১২৫ | ১১,৩৭,৫০১ |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ | খ) উপজেলা পরিষদের জরুরি কাজে ব্যয়িত এবং ব্যয়যোগ্য অর্থের/প্রকল্প অনুমোদন সংক্রান্ত ঃ<br><br>০১। মে/২০২৩ খ্রি. মাসের আপ্যায়ন বাবদ ৩০,০০০/- টাকা ও আনুষঙ্গিক খরচ বাবদ-৫,০০০/- টাকা।<br>০২। মে/২০২৩ খ্রি. মাসের বিভিন্ন স্থায়ী কমিটির সভার আপ্যায়ন খরচ নির্ধারিত- ৮,০০০/- টাকা।<br>০৩। খান সাইবার নেট, চরভদ্রাসন এর মে/২০২৩ খ্রি. মাসের ইন্টারনেট বিল- ৪৭২০/- টাকা।<br>০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর এর মে/২০২৩ খ্রি.মাসের সম্মানী ভাতা ও বাসা ভাড়া ভাতা-একত্রে- ৪৫,০০০/- টাকা।<br>০৫। উপজেলা ভাইস চেয়ারম্যান, চরভদ্রাসন, ফরিদপুর এর মে/২০২৩ খ্রি. মাসের সম্মানী ভাতা- ২৭,০০০/- টাকা।<br>০৬। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, চরভদ্রাসন, ফরিদপুর এর মে/২০২৩ খ্রি. মাসের সম্মানী ভাতা- ২৭,০০০/- টাকা।<br>০৭। উপজেলা পরিষদের দৈনিক মজুরির ভিত্তিতে নিয়োজিত জনাব বিপ্লব হাসান, এমএলএসএস এর মে/২০২৩ খ্রি. মাসের দৈনিক মজুরি - ১৬,৫০০/- টাকা।<br>০৮। উপজেলা পরিষদের দৈনিক মজুরির ভিত্তিতে নিয়োজিত জনাব আইয়ুব আলী, মালী এর মে/২০২৩ খ্রি. মাসের দৈনিক মজুরি ১৬,৫০০/- টাকা।<br>০৯। উপজেলা পরিষদের দৈনিক মজুরির ভিত্তিতে নিয়োজিত জনাব রবিউল মৃধা, সুইপার এর মে/২০২৩ খ্রি. মাসের দৈনিক মজুরি ১৬,৫০০/- টাকা<br><br>উপরোক্ত বিলসমূহ সভায় অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় উল্লিখিত ০১ হতে ০৯ ক্রমিক পর্যন্ত নিয়মিত বিলসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে গুরুত্ব বিবেচনায় জরুরিভিত্তিতে ব্যয়িত/ ব্যয়যোগ্য গুরুত্বপূর্ণ বিলসমূহ অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা, পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর। |

সভায় উপজেলা নির্বাহী অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর উপস্থিত সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আরও জানান যে, করোনা ভাইরাস(কোভিড-১৯) এর নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন মোকাবেলায় সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। গণপরিবহণ, জনসংযোগ যথাসম্ভব এড়িয়ে চলতে এবং বাইরে বের হলে আবশ্যিকভাবে মাস্ক ব্যবহার করে সামাজিক দূরত্ব বজায় রাখার অনুরোধ জানান।

সভায় সভাপতি মহোদয় জানান যে, জেলা প্রশাসক, ফরিদপুর মহোদয় সকলকে বই পড়ার প্রতি গুরুত্ব প্রদান করেছেন। তিনি একজন বই প্রেমিক মানুষ ও শত ব্যস্ততার মাঝেও তিনি বই পড়েন। তিনি এ সভার মাধ্যমে অত্র উপজেলার সকল দপ্তরের কর্মকর্তাদের বই পড়ার অনুরোধ জানান।

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৫/২০২৩

(মোঃ কাউছার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চরভদ্রাসন, ফরিদপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চরভদ্রাসন, ফরিদপুর।

স্মারক নং-০৫.১২.২৯২১.০০০.০৬.০০১.২৩- ৪৫৪

তারিখ: ২৯-০৫-২০২৩ খ্রি.

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হ'ল :

০১. মাননীয় সংসদ সদস্য-২১৪, ফরিদপুর-৪।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪. জেলা প্রশাসক, ফরিদপুর।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর।
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরভদ্রাসন, ফরিদপুর।
০৭. উপজেলা ..............................................................অফিসার, চরভদ্রাসন, ফরিদপুর।
০৮. চেয়ারম্যান, চরহরিরামপুর/চরঝাউকান্দা/চরভদ্রাসন/গাজিরটেক ইউপি, চরভদ্রাসন, ফরিদপুর।
০৯. জনাব ..........................................................................চরভদ্রাসন, ফরিদপুর।
১০. অফিস কপি।

২৯.০৫.২

(মোঃ মেহেদী মোর্শেদ)
উপজেলা নির্বাহী অফিসার
চরভদ্রাসন, ফরিদপুর।
ফোনঃ ০৬৩২৫-৫৬০০১